নির্বাহী প্রকৌশলীর কার্যালয়
গণপূর্ত ই/এম এম আই এস বিভাগ-২, ঢাকা।
ডাইরী নং- ৫২২
তারিখ ঃ- ২১/২/২৩
গ্রহণকারী ঃ-
আ:স: | স: প্র: | উ: বি: প্র: | নি: প্র: ✓

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধান প্রকৌশলীর কার্যালয়
গণপূর্ত অধিদপ্তর
হিসাব শাখা-১
পূর্ত ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
www.pwd.gov.bd

জরুরি
সীমিত

স্মারক নম্বর: ২৫.৩৬.০০০০.২৩১.১৪.০০৭.২২.১২৬

তারিখ: ৬ ফাল্গুন ১৪২৯
১৯ ফেব্রুয়ারি ২০২৩

বিষয়: **মুজিব শতবর্ষ উপলক্ষে ২০২২-২৩ অর্থ বছরে গুচ্ছগ্রাম-২য় পর্যায় (সিভিআরপি) প্রকল্পের অধীন লক্ষীপুর জেলার রামগতি উপজেলায় চর পোড়াগাছা গুচ্ছগ্রাম এলাকয় বঙ্গবন্ধু শেখ মুজিব স্মৃতিস্তম্ভ ও বঙ্গবন্ধু শেখ মুজিব গুচ্ছগ্রাম নির্মাণে লক্ষ্যে অর্থ বরাদ্দ।**

উপর্যুক্ত বিষয়ে বর্ণিত প্রকল্পের ২০২২-২০২৩ অর্থ বছরে গুচ্ছগ্রাম-২য় পর্যায় (সিভিআরপি) প্রকল্পের অধীন লক্ষীপুর জেলার রামগতি উপজেলার চরপোড়াগাছা গুচ্ছগ্রাম এলাকায় বঙ্গবন্ধু শেখ মুজিব স্মৃতিস্তম্ব ও বঙ্গবন্ধু শেখ মুজিব গুচ্ছগ্রাম" নির্মাণের লক্ষ্যে চলতি ২০২২-২০২৩ আর্থিক সালে মোট ২১৭.৫৫ লক্ষ (দুই কোটি সতের লক্ষ পঞ্চান্ন হাজার) টাকা মাত্র নিম্ন বিভাজন মোতাবেক বরাদ্দ করা হলোঃ

(লক্ষ টাকায়)

| ক্রমিক | কাজের নাম | কোড | টাকা | গণপূর্ত সার্কেল | গণপূর্ত বিভাগ |
|---|---|---|---|---|---|
| ১ | আবাসিক ভবন (পোড়াগাছা বঙ্গবন্ধু শেখ মুজিব গুচ্ছগ্রামে ক শ্রেণীর গৃহহীন ও ভূমিহীনদের জন্য বাউন্ডারী ওয়ালসহ ঘর নির্মাণ) | ৪১১১১০১ | ৭৮.২৫ | | |
| ২ | সড়ক নির্মাণ (পোড়াগাছা বঙ্গবন্ধু শেখ মুজিব গুচ্ছগ্রামে আভ্যন্তরিন পাকা রাস্তা নির্মাণ)। | ৪১১১৩০২ | ৩৭.৩৪ | | |
| ৩ | পোড়াগাছা বঙ্গবন্ধু শেখ মুজিব গুচ্ছগ্রামে ড্রেনেজ কাঠামো নির্মাণ। | ৪১১১৩০৭ | ৫.০০ | | |
| ৪ | পোড়াগাছা বঙ্গবন্ধু শেখ মুজিব গুচ্ছগ্রামে নলকুপ স্থাপন। | ৪১১১৩০৮ | ৮.০০ | | |
| ৫ | পোড়াগাছা বঙ্গবন্ধু শেখ মুজিব গুচ্ছগ্রামে পানি সরবরাহের নিমিত্ত ওয়াটার ট্র্যাংক নির্মাণ। | ৪১১১৩০৯ | ৫০.৪৫ | কুমিল্লা | লক্ষীপুর |
| ৬ | পোড়াগাছা বঙ্গবন্ধু শেখ মুজিব গুচ্ছগ্রামে পানি সরবরাহের লাইন নির্মাণ। | | ৩.০০ | | |
| ৭ | পোড়াগাছা বঙ্গবন্ধু শেখ মুজিব গুচ্ছগ্রামে আভ্যন্তরিন বিদ্যুৎ। | | ১৯.১১ | | |
| ৮ | পোড়াগাছা বঙ্গবন্ধু শেখ মুজিব গুচ্ছগ্রামে বহিঃ বিদ্যুৎ। | ৪১১১৩১৩ | ১২.৪০ | | |
| ৯ | পোড়াগাছা বঙ্গবন্ধু শেখ মুজিব গুচ্ছগ্রামে ডেকোরেটিভ লাইটিং। | | ২.০০ | | |
| ১০ | বঙ্গবন্ধু শেখ মুজিব গুচ্ছগ্রামে বিদ্যুতায়নের চার্জ। | | ২.০০ | | |
| | | মোট = | ২১৭.৫৫ | | |

উক্ত খরচ উপ সচিব জাতীয় প্রকল্প পরিচালক (অঃ দাঃ) গুচ্ছগ্রাম-২য় পর্যায় (সিভিআরপি) প্রকল্প, ভূমি মন্ত্রণালয়, ভূমি ভবন, ১২ তলা, ৯৮ শহীদ তাজউদ্দিন আহমেদ সরণি, তেজগাঁও, ঢাকা এর স্মারক নং/২৬(১০) তারিখঃ ১৫/০১/২০২৩ খ্রিঃ এর মাধ্যমে মঞ্জুরীকৃত এবং

চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, ২য় ১২-তলা সরকারি অফিস ভবন, সেগুনবাগিচা, ঢাকা এর স্মারক নম্বর-/৩১৪৩ তারিখ ০৭/০২/২০২৩ খ্রিঃ এর দ্বারা পৃষ্ঠাংকনের মাধ্যমে প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, ঢাকার নিকট ন্যস্তকৃত ২১৭.৫৫ লক্ষ টাকা হিসাবের কোড নং ৪১১১১০১, ৪১১১৩০২, ৪১১১৩০৭, ৪১১১৩০৮, ৪১১১৩০৯ এবং ৪১১১৩১৩ খাত সমূহের চলতি ২০২২-২০২৩ আর্থিক সালের বাজেট বরাদ্দ হতে সংকুলান/বহন করতে হবে। উক্ত অর্থ প্রাপ্তির সাথে সাথে অর্থ প্রাপ্তির স্বীকৃতি প্রদান করতে হবে। উক্ত অর্থ সকল প্রকার আর্থিক বিধি-বিধান, নিয়মাচার ও আনুষ্ঠানিকতা পর্যবেক্ষণ/ পালন পূর্বক খরচ করতঃ এ অধিদপ্তরকে অবহিত করতে হবে। উক্ত অর্থ খরচ করার পূর্বে নিম্নোক্ত শর্তসমূহ অনুসরণ করতে হবেঃ

শর্তসমূহঃ

০১। এ অর্থ ব্যয়েরক্ষেত্রে পিপিএ, ২০০৬ এবং পিপিআর, ২০০৮ অনুসরণসহ যাবতীয় আর্থিক বিধি-বিধান যথাযথভাবে পরিপালন করতে হবে।

০২। এই অর্থ ব্যয়ে সরকারের সকল প্রকার আর্থিক বিধি-বিধান ও নিয়মাচার যথাযথভাবে অনুসরণ করতে হবে এবং কাজ যথাযথভাবে সম্পাদন করা হয়েছে মর্মে প্রত্যাশি সংস্থার নিকট হতে প্রত্যয়ন পত্র প্রাপ্তির পর চুড়ান্ত বিল পরিশোধ করতে হবে।

০৩। বরাদ্দকৃত অর্থ অনুমোদিত ডিপিপি'র অংগভিত্তিক কাজে ব্যয় করতে হবে, অনুমোদিত অংগের বহির্ভূত কোন কাজে ব্যয় করা যাবে না।

০৪। বরাদ্দকৃত অর্থ চলতি আর্থিক সালে খরচ করতে হবে এবং খরচের হিসাব এ দপ্তরে/ প্রত্যাশি সংস্থার নিকট দাখিল করতে হবে।

০৫। বরাদ্দকৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে ভবিষ্যতে কোন অনিয়ম উদ্ঘাটিত হলে বিল পরিশোধকারী দায়ী থাকবে।

(০৬) মঞ্জুরী পত্রে বর্ণিত শর্তসমূহ পালন পূর্বক বরাদ্দকৃত অর্থ খরচ করতে হবে।

১৯-২-২০২৩

মোঃ সাখাওয়াৎ হোসেন
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সমন্বয়)
ফোন: ০২২২৩৩৮৮৯১৪
ইমেইল: se_coord@pwd.gov.bd

নির্বাহী প্রকৌশলী, লক্ষীপুর গণপূর্ত বিভাগ, লক্ষীপুর ।

স্মারক নম্বর: ২৫.৩৬.০০০০.২৩১.১৪.০০৭.২২.১২৬/১(১৫)

তারিখ: ৬ ফাল্গুন ১৪২৯
১৯ ফেব্রুয়ারি ২০২৩

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) হিসাব মহানিয়ন্ত্রক, সচিবালয়, ৩য় ফেজ, সেগুনবাগিচা, ঢাকা।
২) অতিরিক্ত প্রধান প্রকৌশলী (সওস)/(পঃওবিঃপ্রঃ), গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।
৩) অতিরিক্ত প্রধান প্রকৌশলী, চট্টগ্রাম গণপূর্ত জোন, চট্টগ্রাম।
৪) মহাপরিচালক, পূর্ত অডিট অধিদপ্তর, অডিট কমপেক্স, সেগুনবাগিচা, ঢাকা।
৫) তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সমন্বয়)/ (মনিটরিং এন্ড অডিট)/ (উন্নয়ন), গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।
৬) তত্ত্বাবধায়ক প্রকৌশলী, কুমিল্লা গনপূর্ত সার্কেল, কুমিল্লা।
৭) উপ সচিব জাতীয় প্রকল্প পরিচালক গুচ্ছগ্রাম-২য় পর্যায় (সিভিআরপি) প্রকল্প, ভূমি মন্ত্রণালয়, ভূমি ভবন, ১২ তলা, ৯৮ শহীদ তাজউদ্দিন আহমেদ সরণি, তেজগাঁও, ঢাকা।
৮) প্রধান প্রকৌশলী মহোদয়ের ষ্টাফ অফিসার (নির্বাহী প্রকৌশলী), , গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।
৯) নির্বাহী প্রকৌশলী, , গণপূর্ত এমআইএস (ম্যানেজমেন্ট ইনফরমেশন সিস্টেম) বিভাগ-২, ঢাকা।
১০) চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার , , গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, ২য় ১২-তলা সরকারি অফিস ভবন, সেগুনবাগিচা, ঢাকা। ইহা পূর্ব পৃষ্টায় বর্ণিত তার স্মারকের বরাত বহন করে।
১১) চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, ভূমি মন্ত্রণালয়, ৭১, পুরানা পল্টন, ঢাকা।
১২) প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।
১৩) তত্ত্বাবধায়ক, উন্নয়ন শাখা-১, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।
১৪) জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, লক্ষীপুর।
১৫) গার্ড নথি, হিসাব শাখা-১/ হিসাব সেল, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।